# পশ্চিমবঙ্গ সরকার
## পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
## জেসপ বিল্ডিং, ৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-৭০০ ০০১

পত্রাংক ৮৩৮২(১১)/সি.সি.এ/বি.আর.জি.এফ./১সি-১৬/০৭ তারিখ: ২১/১১/০৭

প্রেরক : দিলীপ ঘোষ
যুগ্ম সচিব

প্রাপক : জেলা শাসক ও নির্বাহী আধিকারিক, জেলা পরিষদ ..........................................................

**বিষয় : বি.আর.জি.এফ.-এর অধীনে ২০০৭-০৮-এর উন্নয়ন পরিকল্পনা**

মহাশয়/ মহাশয়া,

এই বিভাগের স্মারক নং ৮৩৫৪(৩)-আর.ডি./সি.সি.এ./বি.আর.জি.এফ/১এফ-৩/০৭ তারিখ ২০.১১.০৭ (মালদা, মুর্শিদাবাদ ও পূর্ব মেদিনীপুর জেলার জন্য) এবং স্মারক নং ৮৩৫৫(৮)-আর.ডি./সি.সি.এ./বি.আর.জি.এফ/১এফ-৩/০৭ তারিখ ২০.১১.০৭ (উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর ও দক্ষিণ-২৪ পরগণা জেলার জন্য) উল্লেখপূর্বক বি.আর.জি.এফ.-এর জন্য ২০০৭-০৮ এর উন্নয়ন পরিকল্পনা তৈরির বিষয়ে একটি নির্দেশিকা এবং পরিকল্পনা তৈরির ফরম্যাট অত্রসহ পাঠানো হ'ল । আপনার নিকট অনুরোধ যে আপনি এই নির্দেশিকা ও পরিকল্পনা তৈরির ফর্মাট জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত ও পুরসভাগুলিতে পাঠাবেন এবং প্রত্যেক স্তরের পরিকল্পনা জেলাস্তরে একত্রিত করে ২০০৭-০৮-এর জন্য বি.আর.জি.এফ. পরিকল্পনাটি জেলা পরিকল্পনা কমিটিতে অনুমোদনপূর্বক পরিকল্পনাটির আটটি কপি আগামী ১৫ই ডিসেম্বর, ২০০৭-এর মধ্যে এই বিভাগে পাঠানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

নির্দেশিকাটিতে রাজ্যস্তরে চিহ্নিত অগ্রাধিকারপ্রাপ্ত কাজের ক্ষেত্রগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে । আশাকরি আপনি আপনার জেলার পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠানসমূহ এবং পুরসভাগুলিকে বিষয়গুলি গুরুত্ব সহকারে বিবেচনাপূর্ব্বক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার পরামর্শ দেবেন । অবশ্য স্থানীয় পরিস্থিতি ও চাহিদার নিরিখে এই অগ্রাধিকারের পরিবর্তন অথবা অন্যান্য প্রকল্প রূপায়ণের জন্য পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যেতে পারে । রাজ্যস্তরীয় উপদেষ্টাগণ এবং জেলায় নিযুক্ত সমন্বয়কারীগণ পরিকল্পনা তৈরির বিষয়ে যথাযথ সাহায্য ও পরামর্শ দেবেন ।

ভবদীয়

(দিলীপ ঘোষ)
যুগ্ম সচিব

পত্রাংক ৮৩৮২(১১)/১(১৩)/সি.সি.এ/বি.আর.জি.এফ./১সি-১৬/০৭ তারিখ: ২১/১১/০৭

সংযুক্তি পত্রাদি সহ পত্রের অনুলিপি পাঠানো হল :-

১) সভাধিপতি ............................................................ জেলা পরিষদ/ মহকুমা পরিষদ

২) প্রধান সচিব, উন্নয়ন ও পরিকল্পনা বিভাগ, পৌর ভবন (ষষ্ঠ তল), সেক্টর-৩, বিধান নগর, কলকাতা-৭০০ ১০৬

৩) প্রধান সচিব, পৌর বিষয়ক বিভাগ, মহাকরণ, কলকাতা-১

৪) প্রকল্প অধিকর্তা, গ্রামীণ বিকেন্দ্রীকরণ শাখা, ডব্লু.বি.এস.আর.ডি.এ.

৫) প্রকল্প সংযোজক, গ্রামীণ বিকেন্দ্রীকরণ শাখা, ডব্লু.বি.এস.আর.ডি.এ.

(দিলীপ ঘোষ)
যুগ্ম সচিব